বর্তমান হালকা জরীপে উক্ত আর. এস. ৮৪৩ দাগের স্থলে নূতন এল. আর. ১৮৪৩ দাগে শালি জমি ৬৬ শতক জমি বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেডের নামে নূতন এল. আর. ৯২৩ নং খতিয়ানে রেকর্ড হইয়াছে ।

ঐ মৌজা ঐ তৌজী প্রভৃতি ১০৬৩ নং খতিয়ানে ৬৩ শতক জমির কাত বার্ষিক ৭.৬৬ টাকা জমা জমি মধ্যে ৯৮৩ দাগে শালি ৯০ শতক জমির মধ্যে ১৫ শতক জমি যাহা বিগত রিভিশনাল সেটেলমেন্ট জরীপে আমতলা সাকিনের শম্ভুনাথ ঘোষের পুত্র চিত্তরঞ্জন ঘোষের নামীয় রেকর্ড ভুক্ত স্বত্ব দখলী সম্পত্তি থাকে । তিনি উহাতে নিজ খাসে মালিকের নিরুপিত করাদি আদায় দিয়া ভোগবান ও দখলীকার থাকেন ।

তৎপরে বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ১৫।৩।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর এ. ডি. এস. আর. অফিসে দাখিলীকৃত ও রেজিষ্ট্রীকৃত ও ৯।৪।১৯৯৬ তারিখে নকলভুক্ত ১ নং বহির ১০ নং ভল্যুমের ২২৫ হইতে ২৩০ পৃষ্ঠায় লিপিবদ্ধ ১১০৬ নং একেত্তা কোবালা দলিলের দ্বারা উক্ত চিত্তরঞ্জন ঘোষের নিকট হইতে উক্ত ৯৮৩ দাগে ১৫ শতক জমি খরিদ করেন ।

ঐ মৌজা ঐ তৌজী প্রভৃতি ৩৮৩ নং খতিয়ানে ৩৩ শতক জমির কাত বার্ষিক ১.৬৭ টাকা জমা জমি মধ্যে ৯৮৩ দাগে ৯০ শতক জমির মধ্যে ৩৩ শতক জমি যাহা বিগত রিভিশনাল সেটেলমেন্ট জরীপে জনৈক নগেন্দ্র নাথ পালুইয়ের স্বত্ব দখলী সম্পত্তি

থাকে । তিনি উহাতে নিজ খাসে ভোগবান ও দখলীকার থাকা অবস্থায় উক্ত নগেন্দ্র নাথ পাল্ই বিগত ইংরাজী ২১।১১।১৯৬৯ তারিখে বিষ্ণুপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১০১০২ নং একেতা কোবালা দলিলের দ্বারা উক্ত ৯৮০ দাগে ৩০ শতক জমি আমতলা সাকিমের জনৈক অতুল চন্দ্র মাজীকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব, স্বত্বহীন ও দখলচ্যুত হইলেপর উক্ত অতুল চন্দ্র মাজী তাঁহার খরিদা ৯৮০ দাগে ৩০ শতক জমিতে তিনি নিজ খাসে ভোগবান ও দখলীকার থাকা অবস্থায় উক্ত অতুল চন্দ্র মাজী বিগত ইংরাজী ২৫।১।১৯৮০ তারিখে বিষ্ণুপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ২ নং ভল্যুমের ১০৯ হইতে ১৪১ পৃষ্ঠায় লিপিবদ্ধ ২৭০ নং একেতা কোবালা দলিলের দ্বারা উক্ত ৯৮০ দাগে ৩০ শতক জমি আমতলা সাকিমের জনৈক বেচুরাম ঘোষের দুই পুত্র বিজয় কৃষ্ণ ঘোষ ও অরবিন্দ ঘোষকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব, স্বত্বহীন ও দখলচ্যুত হইলে পর উক্ত বিজয় কৃষ্ণ ঘোষ ও অরবিন্দ ঘোষ দুইজনে তাঁহাদের খরিদা ৯৮০ দাগে ৩০ শতক জমিতে তাঁহারা দুই ভ্রাতায় এজমালে খাসে ভোগবান ও দখলীকার থাকেন ।

তৎপরে বর্তমান ক্রিেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইণ্ডিয়া) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ১৫।৩।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর এ. ডি. এস. আর. অফিসে দাখিলীকৃত ও রেজিষ্ট্রীকৃত ও ১০।৪।১৯৯৬ তারিখে নথীভুক্ত ১ নং বহির ১২ নং ভল্যুমের ৪৭৭ হইতে ৪৮৪ পৃষ্ঠায় লিপিবদ্ধ ১১০৪ নং একেতা কোবালা

দলিলের দ্বারা উক্ত বিজয় কৃষ্ণ ঘোষ ও অরবিন্দ ঘোষ দিং এর নিকট হইতে উক্ত ৯৮৩ দাগে ৩০ শতক জমি খরিদ করেন।

ঐ মৌজা ঐ তৌজী প্রজাই উক্ত ১০৬০ নং খতিয়ানে ৯৮৩ দাগে ৩০ শতক জমি যাহা বিগত রিভিশনাল সেটেলমেন্ট জরীপে আমলা সাকিমের বেচুরাম ঘোষের নামীয় রেকর্ড ভুক্ত স্বত্ব দখলী সম্পত্তি থাকে। তিনি উহাতে নিজ খাসে ভোগবান ও দখলীকার থাকা অবস্থায় পরলোক গমন করিলে তাঁহার ওয়ারেশ চারপুত্র যথাক্রমে অরবিন্দ ঘোষ, বিজয় কৃষ্ণ ঘোষ, অবিনাশ ঘোষ, সুদর্শন ঘোষ, স্ত্রী চঞ্চলা ঘোষ ও দুই কন্যা অণিমা মেটে ও পারুল বালা ঘোষ সহ সাতজনে তাঁহাদের পূর্বাধিকারী বেচুরাম ঘোষের ওয়ারেশ সূত্রে তাঁহার ত্যক্ত উক্ত ৯৮৩ দাগে ৩০ শতক জমি প্রাপ্ত হইয়া উহাতে তাঁহারা কেবলমাত্র সাতজনে একযোগে খাসে মালিকের করাদি আদায় দিয়া ভোগবান ও দখলীকার থাকেন।

তৎপরে বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ১৫।৩।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর এ. ডি. এস. আর. অফিসে দাখিলীকৃত ও রেজিস্ট্রীকৃত ও ১০।৬।১৯৯৬ তারিখে নথিভুক্ত ১ নং বহির ২১ নং ভল্যুমের ১৩৭ হইতে ১৪৪ পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৮৮৮ নং একলো কোবালা দলিলের দ্বারা উক্ত বেচুরাম ঘোষের ওয়ারেশ অরবিন্দ ঘোষ দিং এর নিকট হইতে উক্ত ৯৮৩ দাগে তাঁহাদের অংশের ৩০ শতক জমি খরিদ করেন।

ঐ মৌজা ঐ তৌজী প্রজাই উক্ত ১০৬০ নং খতিয়ানে ৯৮০ দাগে ১৫ শতক জমি যাহা বিগত রিভিশনাল সেটেলমেন্ট জরীপে আমতলা সাকিমের পঞ্চু রাম ঘোষের পুত্র নিরাপদ ঘোষের নামীয় রেকর্ড ভুক্ত স্বত্ত্ব দখলী সম্পত্তি থাকে । তিনি উহাতে নিজ খাসে মালিকের করাদি আদায় দিয়া ভোগবান ও দখলীকার থাকিয়া অবিবাহিত অব - স্থায় পরলোক গমন করিলে হিন্দু উত্তরাধিকার আইনের বিধানমতে তাঁহার গর্ভধারিনী মাতা বীনাপানি ঘোষ উক্ত নিরাপদ ঘোষের একমাত্র ওয়ারেশ বিধায় তাঁহার ত্যক্ত উক্ত ৯৮০ দাগে ১৫ শতক জমি তাঁহার মৃত পুত্রের ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া উহাতে তিনি নিজ খাসে মালিকের করাদি আদায় দিয়া ভোগবতী ও দখলকারিনী থাকেন ।

তৎপরে বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন ( ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ২৮।১০।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর এ. ডি. এস. আর. অফিসে দাখিলীকৃত ও রেজিষ্ট্রীকৃত ও ৩।৮।১৯৯৭ তারিখে নকলীকৃত ১ নং বহির ২৬ নং ভল্যুমের ২৮৭ হইতে ২৯৬ পৃষ্ঠায় লিপিবদ্ধ ২৫০৫ নং একক্রেতা কোবালা দলিলের দ্বারা উক্ত বীনাপানি ঘোষের নিকট হইতে উক্ত ৯৮০ দাগে ১৫ শতক জমি খরিদ করেন ।

এইরূপে উপরোক্ত চারক্রেতা কোবালা দলিলের দ্বারা বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড উক্ত ৯৮০ দাগে ৯০ শতক জমি উপরোক্ত প্রকারে খরিদ করিয়া উহাতে নিজ খাসে মালিকের করাদি আদায় দিয়া

অন্যান্ন বিনাশওে নির্ব্বিবাদে এক ষোল আনা নিবড়ে সুত্র প্রচারে ভোগবান ও দখলীকার থাকেন ।

বর্ত্তমান হলকা জরীপে উক্ত আর. এস. ৯৮০ দাগের শতে নুতন এল. আর. ৯৮৪০ দাগে শালি ৯০ শতক জমির মধ্যে ৮৩৩৩ অংশে ৭৫ শতক জমি বর্ত্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেডের নামে নুতন এল. আর. ৯২০ নং খতিয়ানে ও ১৬৬৭ অংশে ১৫ শতক জমি পূর্ব্বতন আর. এস. জরীপের রেকর্ড মালিক চিত্তরঞ্জন ঘোষের নামে নুতন এল. আর. ৭৯০ নং খতিয়ানে রেকর্ড হইয়াছে ।

বর্ত্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড এর খরিদা উক্ত ৮৪৬ ও ৯৮০ দাগে ও অপরাপর দাগের জমিতে গমনাগমনের কোন পথ না থাকায় বর্ত্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ৫।২।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রী-কৃত ৩৩৯ নং একক্লো কমন প্যাসেজের ইজমেন্ট রাইটের চুক্তিপত্র দলিলের দ্বারা আফতাব সাকিমের মহেশ চন্দ্র মন্ডলের স্ত্রী পারুল বালা মন্ডলের সহিত উক্ত দলিল সংলগ্ন নকসায় অঙ্কিত সবুজ , লাল ও হলুদ রং দ্বারা চিহ্নিত ৭৯০, ৭৫০ ও ৭৫৯ নং দাগের উপর দিয়া ২৫' ফুট প্রস্থ কমন প্যাসেজের একখন্ড চুক্তিপত্র সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া উক্ত কমন প্যাসেজ দিয়া গমনাগমন করিয়া উক্ত ৮৪৬ ও ৯৮০ দাগের

জমি সহ অপরাপর দাগের জমিতে খাসে ভোগবান ও দখলীকার থাকা অবস্থায় উক্ত ৮৪৬ ও ৯৮৩ দাগের জমি সহ অপরাপর দাগের জমি জমা লইয়া একটি মাস্টার প্ল্যান প্রস্তুত করিয়া উক্ত প্লট সমূহে গমনাগমন করিবার জন্য কমন প্যাসেজ চিহ্নিত ও নির্দিষ্ট করিয়া উক্ত প্লট সমূহে ভোগবান ও দখলীকার থাকা অবস্থায় কতকাংশ সম্পত্তি বিক্রয় করা বাদে অবশিষ্ট জমি জাস্তে ভোগবান ও দখলীকার থাকেন ।

উপরি উল্লিখিত কমন প্যাসেজের চুক্তিপত্রে লিখিত ১০ নং চুক্তি মোতাবেক ডায়মন্ডহারবার রোডের পূর্ব দিকে উক্ত ৭১০ নং দাগে উত্তর দক্ষিন ২৫' ফুট ও পূর্ব পশ্চিম ৩৫' ফুট মাপাকাটী ২ শতক পরিমিত জমি ( যাহার উত্তর - ৭৫০ দাগে বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড এর উপরি উল্লিখিত কমন প্যাসেজ ) উক্ত ২ শতক পরিমিত জমি বিগত ইংরাজী ১৪।৮।২০০২ তারিখে আলিপুরে ডি. এস. আর. ৪ নং অফিসে দাখিলীকৃত ও ১৩।৮।২০০২ তারিখে রেজিস্ট্রীকৃত ৩৯৬ নং একক্তো লীজ দলিলের বলে ৪ঠা জুন ২০০২ তারিখ হইতে আগামী ৩০ বৎসরের মেয়াদে মেসার্স সোনী রাবার প্রোডাক্টস, ৪ নং ক্লিন্টন স্ট্রীট , কোলকাতা - ৭০০০৭২ , মহামান্য গর্ভনর পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে এডিশন্যাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও ডিস্ট্রিক্ট ল্যান্ড এন্ড ল্যান্ড রিফর্ম অফিসারের নিকট হইতে বাৎসরিক ৫২২৭.০০ টাকা খাজনায় বন্দোবস্ত লইয়া উক্ত বন্দোবস্তকৃত ২ শতক পথ জমির উপর নির্মিত পথ দিয়া গমনাগমন করিবার সর্ব্ব প্রকার যানবাহন আদি লইয়া

যাইবার জলের পাইপ , ইলেকট্রিক লাইন , টেলিফোন কেবল প্রভৃতি লইয়া যাইবার সর্ব্ব প্রকার কমন ইজমেন্ট রাইট আদি ভোগ দখল করিবার নিমিত্ত উক্ত ৭১০ দাগের কমন প্যাসেজের একখণ্ড ঘোষনা পত্র বর্ত্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইণ্ডিয়া) প্রাইভেট লিমিটেড এর নাম বরাবর বিগত ইংরাজী ১১।৮।২০০২ তারিখে ঐ বিষ্ণুপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৩২১৩ নং একতো ঘোষনাপত্র রেজিষ্ট্রী করিয়া দিয়াছেন ।

এক্ষনে কোবালা দাতা বর্ত্তমান কোম্পানীর নানাবিধ বৈধ ও ন্যায্য সঙ্গত কারনে নগদ অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় নিম্ন তপশিলের বর্ণিত ৮৪৩ দাগে চিহ্নিত মাপসুরতে ৭২০ বর্গফুট বা ১.৬০ শতক ও ৯৮৩ দাগে চিহ্নিত মাপসুরতে ৭২০ বর্গফুট বা ১.৬৫ শতক একুনে একলপ্তে ঐ দলিল সংলগ্ন নকশায় অংকিত লাল রং দ্বারা সীমাকৃত মাস্টার প্লানের ' C ' ব্লক ৫১ নং প্লটের অন্তর্গত চিহ্নিত মাপসুরতে ১৪৪০ বর্গফুট বা ২ কাঠা বা কমবেশী ০.৩ শতক জমি মায় উক্ত জমিতে গমনাগমন এর কমন প্যাসেজের সর্ব্ব বিধ ইজমেন্ট স্বত্ব সমেত বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি কোবালা গ্রহীতা উহা খরিদ করিতে সম্মত থাকায় চলিত কালের সর্ব্বোচ্চ মূল্য যাচাইমতে মোং চুক্তি - - - ১,১০,০০০.০০ টাকা মঃ একলক্ষ দশ হাজার টাকা মূল্য ধার্য্য করিয়া ও তাহা নিম্ন আয়মত আপনার নিকট হইতে গ্রহন করিয়া ঐ জমি জমা ও উক্ত জমিতে গমনাগমনের কমন প্যাসেজের সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্ব সমেত বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও স্বত্বহীন হইলাম । উক্ত বিক্রীত জমি জমাতে আপনাকে অদ্যই দখলাদি দিয়া দিলাম । আপনি অদ্য হইতে উক্ত কোম্পানীর যাবতীয় নিব্যুঢ় স্বত্ব সম্পূর্ন স্বত্ববান ও দান বিক্রয় বন্ধক

প্রভৃতি সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তর আদির মালীক ও একদার হইয়া মালীক সরকারে আপনার নাম পত্তনে খাজনাদি সরবরাহে পুত্র পৌত্রাদি মায় ওয়ারেশগন ক্রমে, উত্তরাধিকারীগন ক্রমে ও স্থলাভিষিক্তগন ক্রমে যদৃচ্ছামত পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে কোবালা দাতা বর্ত্তমান কোম্পানীর পক্ষে কোন প্রকার ওজর আপত্তি বা দাবি দাওয়া করিতে পারিব না ও পারিবে না। করিলেও তাহা এই কোবালা বলে সর্ব্বত্র বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

আর প্রকাশ থাকে যে উক্ত বিক্রীত জমি জমাতে গমনাগমন করার জন্য এই দলিল সংলগ্ন নকশায় অঙ্কিত যে কমন প্যাসেজ নির্দিষ্ট করা আছে আপনি কোবালা গ্রহীতা মায় আপনার ওয়ারেশগনের ক্রমে উক্ত কমন প্যাসেজ দিয়া গমনাগমন করিতে ইলেকট্রিক লাইন, টেলিফোন কেবল, জলের পাইপ প্রভৃতি লইয়া যাইতে পারিবেন ও উক্ত কমন প্যাসেজের উভয় পার্শ্বে যে ১' ফুট ৬'' ইঞ্চি প্রস্থ যে কমন ড্রেন আছে আপনি কোবালা গ্রহীতা উক্ত কমন ড্রেন দিয়া আপনার খরিদা জমির জল নিকাশ করিতে পারিবেন। তাহাতে কোবালা দাতা কোম্পানীর পক্ষে কোন প্রকার ওজর আপত্তি বা দাবি দাওয়া করিতে পারিব না ও পারিবে না। করিলেও তাহা এই কোবালা বলে সর্ব্বত্র বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

উক্ত বিক্রীত জমি জমা কোন প্রকার দায় সংযোগ বা হস্তান্তর আদি করা নাই বা করি নাই, কাহারও নামে দানপত্র বা উইল আদি করা নাই, কাহারও

নামে দানপত্র বা উইল আদি করা নাই , কাহারও খোর পোষের দায়ে চার্য্য আদি নাই , কোন দেব সেবায় অর্পন করা নাই , কাহারও কোন জামিনিতে আবদ্ধ আদি নাই , উহাতে কোন শরিক শরাকত নাই , উহা কোন মোকদ্দমার বিষয়ীভূত সম্পত্তি নহে, উহা আবদ্ধ রাখিয়া সরকার হইতে বা কোন প্রতিষ্ঠান হইতে কোন ঋন লই নাই , উহা কাহাকেও কোন বিলি বন্দোবস্ত আদি দেওয়া নাই , উহা সরকার হইতে বা কোন প্রতিষ্ঠান হইতে গৃহীত হইবার জন্য কোন নোটিশ জারী হয় নাই , উহা সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় আপনাকে বিক্রয় করিলাম । ভবিষ্যতে দায়াদি থাকা প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্ব বা দখলের কোন প্রকার ক্ষতি হয় তাহা হইলে এই কোম্পানীর পক্ষে মায় স্থলাভিষিক্তগন ক্রমে মাফিক আইন আমলে আসিয়া যাবতীয় ক্ষতিপূরন সহ পনের সমস্ত টাকা ফেরত দিতে বাধ্য থাকিলাম ও থাকিব ।

এই দলিলের লিখন সম্পর্কে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ হয় তাহা হইলে আপনি কোবালা গ্রহীতা আপনার ব্যয়ে ও তলবে এই কোম্পানীর পক্ষে মায় স্থলাভিষিক্তগন ক্রমে সংশোধন দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ও থাকিব ।

আর প্রকাশ থাকে যে বিক্রীত সম্পত্তির টাইটেল সুদৃঢ় করনার্থ যদি কোন লোকর দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিবার প্রয়োজন হয় তবে তাহাও বিনা ওজর আপত্তিতে বিনা পনে এই কোবালা গ্রহীতা মায় ওয়ারেশগনের ব্যয়ে ও তলবে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ও স্থলাভিষিক্তগন ক্রমে থাকিব ।

উপরোক্ত ও নিম্ন বর্ণিত যাবতীয় উক্তি সমূহের কোন উক্তি মিথ্যা বলিয়া প্রমানিত হইলে এই বিক্রেতা কোম্পানীর দেওয়ানী ও ফৌজদারী উভয় বিধ আইনে দায়ী ও দন্ডনীয় হইবে।

এই দলিল সংলগ্ন নকশা এই দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

এতদার্থে আমি কোবালা দাতা সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে এই দলিলের মর্ম্ম অবগত হইয়া এই কোম্পানীর পক্ষে সমস্ত টাকা নিম্ন আয়মত গ্রহন করিয়া এই জমি আমার নিঃস্বত্ব বিক্রয় সাফ কোবালা পত্র আপনার নাম বরাবর লিখিয়া দিলাম ইতি সন ১৪১৫ সাল তাং ২২শে আষাঢ় ইংরাজী ২০০৮ সালের ৬ই জুলাই।

—: তপশিল বিক্রীত সম্পত্তির পরিচয় :—

***********************************

জেলা দক্ষিন ২৪ পরগণা থানা ও এ. ডি. এস. আর. অফিস বিষ্ণুপুর মালীক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা দক্ষিন ২৪ পরগণার কালেক্টর অধীনে পরগণা আজিমাবাদ ৩১৫ নং তৌজী ভুক্ত জে. এল. ৭০ নং রেঃ সাঃ ১৪, ১৭ নং মৌজা - আমতলা গ্রামে প্রজাই ৮৫ নং খতিয়ানে ১ একর ৩৮ শতক জমির কাতবার্ষিক ২০.০০ টাকা জমা জমি স্থলে বর্তমান হালকা জরীপে কোবালা বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেডের নামে নূতন এল. আর. ৯২০ নং খতিয়ানের অন্তর্গত - আর. এস. ৮৪৬ আটশত ছয়চল্লিশ দাগের স্থলে বর্তমান হালকা জরীপে নূতন এল. আর.

১৮৪৬ এক হাজার আটশত ছয়চল্লিশ দাগে শালি বর্তমানে ভরাটী জমা জমি ৬৬ শতক জমির মধ্যে এই দলিল সংলগ্ন

নকসায় অংকিত চিহ্নিত মাপসুরতে ৭২০ বর্গফুট বা ১ কাঠা

বা ১.৬৫ শতক জমি । খাজনা বার্ষিক ১৭ পয়সা ।

ঐ মৌজা ঐ তৌজী প্রভৃতি ১০৬৩ নং খতিয়ানে ৬০ শতক জমির কাত বার্ষিক ৭.৬৬ টাকা ৩৫৮০ নং খতিয়ানে ৩০ শতক জমির কাত বার্ষিক ১.৬৭ টাকা জমা জমি স্থলে বর্তমান হালকা জরীপে বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেডের নামে নূতন এল. আর. ৯২৩ নং খতিয়ানে ও পূর্ব্বতন আর. এস. জরীপের রেকর্ড মালীক চিত্তরঞ্জন ঘোষের নামে নূতন এল. আর. ৭১০ নং খতিয়ানের অন্তর্গত -

আর. এস. ৯৮৩ নয়শত তিরাশী দাগের স্থলে বর্তমান হালকা জরীপে নূতন এল. আর.

১৮৪০ এক হাজার আটশত চল্লিশ দাগে শালি বর্তমানে ভরাটী ডাঙ্গা জমি ৯০ শতক জমির মধ্যে এএ দলিল সংলগ্ন নকসায় অংকিত চিহ্নিত মাপসুরতে ৭২০ বর্গফুট বা ১ কাঠা বা ১.৬৫ শতক জমি । খাজনা বার্ষিক ১৭ পয়সা ।

---

সর্ব্ব মোট দুইটি দাগে একুনেতে এএ দলিল সংলগ্ন নকসায় অংকিত লাল রং দ্বারা সীমাকৃত মাস্টার প্ল্যানের 'ে' ব্লকে ৩১ নং প্লটে চিহ্নিত মাপসুরতে ১৪৪০ বর্গফুট বা ২ কাঠা বা ৩.৩ শতক মঃ তিন দশমিক তিন শতক জমি মাত্র । খার্য্য বিক্রয় মূল্য ১,১০,০০০.০০ টাকা । সরকার কর্তৃক নির্ধারিত

M/s. Decorative Stone (I) Pvt. Ltd.
[illegible signature]
Director

বাজার মূল্য ২,১৪,৪০০.০০ টাকা মূল্যের নিঃস্বত্ব বিক্রয়

সাফ কোবালা পত্র ।

বিক্রীত ৩.৩ শতক জমির উত্তর - ১৬' ফুট প্রশস্ত কমন প্যাসেজ ,

পূর্ব - ১৬' ফুট প্রশস্ত কমন প্যাসেজ ,

দক্ষিন - মাষ্টার প্ল্যানের ৫২ নং প্লটের জমি ,

পশ্চিম - মাষ্টার প্ল্যানের ৩৮ নং প্লটের জমি ।

টাকার আয় :-
..........

[illegible handwriting] ৫০,০০০.০০ টাকা,
[illegible handwriting] ৩০,০০০.০০ টাকা,
[illegible handwriting]

M/s. Decorative Stone (I) Pvt. Ltd.
[illegible signature]
Director

সরকার কর্তৃক নির্দ্ধারিত বাজার মূল্য ২,১৪,৪০০.০০ টাকা মূল্যের

উপর ষ্ট্যাম্প মাশুল দেওয়া আছে ।

মুসাবিদাকারক :-
............

[illegible handwriting]

ইসাদি :-
........

Pankaj Das.
14, Bentinck St.
Kol - 1
Anup Bhowmick
Amtala.

M/s. Decorative Stone (I) Pvt. Ltd.
[illegible signature]
Director

টাইপকারক :-
.........
[illegible handwriting]
সঙ্গীতা মন্ডল
সাং কল্যানপুর

# SALE DEED PLAN

MOUZA: AMTALA J.L.No. 73 P.S. BISHNUPUR.
DIST. 24 PARGANAS (S) BLOCK 'C' PLOT No. 91.

| R.S. KHATIAN No. | L.R. KHATIAN No. | R.S. DAG No. | L.R. DAG No. | AREA |
| --- | --- | --- | --- | --- |
| 85 | 923 | 846 | 1846 | 720 SqFT OR 1 KH. OR 1.69 DEC. |
| 1063/980. | 923/710. | 983. | 1840. | 720 " " 1 " " 1.65 " |

TOTAL AREA:- 1440 SqFT OR 2 KH. OR 3.3 DEC.


SHOWN IN RED BOUNDARY ☐
SCALE: 1" INCH = 66'-0" FEET.

**VENDEE**
SRI RATESH MUKHERJEE

**VENDOR**
M/S DECORATIVE STONE (INDIA) PVT. LTD.


M/s. Decorative Stone (I) Pvt. Ltd.
Director

SIGNATURE OF VENDOR





DRAWN BY.
Mrityunjoy Mandal

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
|  | left hand | | | | | |
| | right hand | | | | | |



Name.......................................................
Signature... Rajesh Mukherjee

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
|  | left hand | | | | | |
| | right hand | | | | | |



Name......M/s. Decorative Stone (I) Pvt. Ltd.
Signature.......
Director

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name.......................................................
Signature.......................................................

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |


Name.......................................................
Signature.......................................................

**Government of West Bengal**
**Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue**
**Office of the A. D. S. R. BISHNUPUR, District- South 24-Parganas**
**Signature / LTI Sheet of Serial No. 00588 / 2012, Deed No. (Book - I , 00696/2012)**

I . Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Sri Damneet Singh Soni | M/s. Decorative ... Pvt. Ltd<br>Director |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Damneet Singh Soni<br>Address -14, Bentink Street, Kolkata, District:-Kolkata, WEST BENGAL, India, P.O. :- Pin :-700001 | Self | <br>06/02/2012 | <br>LTI<br>06/02/2012 | M/s. Decorative ...<br>Director |

**Name of Identifier of above Person(s)**
Pankaj Das
14, Bentink Street, Kolkata, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700001

**Signature of Identifier with Date**
Pankaj Das
6/2/12

**(Jawed Akhter)**
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BISHNUPUR**
**Office of the A. D. S. R. BISHNUPUR**

**Government Of West Bengal**
**Office Of the A. D. S. R. BISHNUPUR**
**District:-South 24-Parganas**

**Endorsement For Deed Number : I - 00696 of 2012**
**(Serial No. 00588 of 2012)**

**On**

**Payment of Fees:**

**On 06/02/2012**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23,5 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 3241/-, on 06/02/2012

( Under Article : A(1) = 3234/- ,E = 7/- on 06/02/2012 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-294433/-

Certified that the required stamp duty of this document is Rs.- 14732 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 9750/- is paid05498904/02/2012State Bank of India, AMTALA, received on 06/02/2012

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 12.50 hrs on :06/02/2012, at the Office of the A. D. S. R. BISHNUPUR by Sri Damneet Singh Soni ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 06/02/2012 by

1. Sri Damneet Singh Soni
   Director, M/s. Decorative Stone ( India) Pvt. Ltd., 14, Bentink Street, Kolkata, District:-Kolkata, WEST BENGAL, India, P.O. :- Pin :-700001 .
   , By Profession : Business

   Identified By Pankaj Das, son of Lt. Suren Ch. Das, 14, Bentink Street, Kolkata, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700001 , By Caste: Hindu, By Profession: Others.

( Jawed Akhter )
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BISHNUPUR**

Government Of West Bengal
Office Of the A. D. S. R. BISHNUPUR
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 00696 of 2012
(Serial No. 00588 of 2012)

( Jawed Akhter )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BISHNUPUR

( Jawed Akhter )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BISHNUPUR

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 3
Page from 396 to 418
being No 00696 for the year 2012.

Seal of the Additional District Sub-Registrar, Bishnupur, South 24 Parganas

(Jawed Akhter) 06-February-2012
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BISHNUPUR
Office of the A. D. S. R. BISHNUPUR
West Bengal

Compared by

Digitally signed by ABU HENA MOBASSIR
Date: 2015.06.27 04:53:17 +05:30
Reason: Digitally e-Signing the Completion Certificate of the Deed.

Certified to be True Copy Of
Transcribed Document
Of this office

Addl. Dist. Sub-Registrar
Districts: South 24 Pgs

8/2/18